গাংনীতে প্রবাসীর স্ত্রীসহ দুই নারী আত্মহত্যার চেষ্টা

পারিবারিক কলহের জের ধরে গাংনীতে পৃথক স্থানে প্রবাসীর স্ত্রীসহ দুই গৃহবধু আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন। এরা হলেন, গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের শফিউদ্দীনের স্ত্রী জেসমিন খাতুন
(৩০) ও গাংনী থানাপাড়া এলাকার প্রবাসী রাজু আহম্মেদের স্ত্রী শান্তনা খাতুন (২০)।

জেসমিন খাতুন মঙ্গলবার সকাল ১০ টার দিকে নিজ গলায় গলাই রশি পেচিয়ে এবং শান্তনা খাতুন নিজ বাড়িতে বিষপান করে আত্মহত্যার চেষ্টা চালান।

এদের মধ্যে শান্তনা খাতুনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ও জেসমিনকে গাংনী হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

জানা গেছে, শান্তনা খাতুনের সাথে তার প্রবাসী স্বামী রাজু’র সাথে মোবাইল ফোনে কথাকাটি হয়েছে। এজন্য তাকে তালাক দেওয়ার হুমকী দেওয়ায় মঙ্গলবার ভোররাতের দিকে নিজ বাড়িতে শান্তনা খাতুন বিষপান করে।

মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে লেফার্ড করেন।

এছাড়া স্বামীর সাথে কথাকাটির জের ধরে জেসমিন খাতুন নিজ ঘরে গলাই রশি দিয়ে আত্মহত্যার চেষ্টা করেন।

মেহেরপুরে মাদক মামলায় একজনের

২ বছর সশ্রম কারাদন্ড

মাদকগ্রহন এবং হেফাজতে রাখার অভিযোগে তাজুল ইসলাম নামে একজনকে দুই বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করেছে মেহেরপুরের একটি আদালত।

সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম কোর্টের ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ গত সোমবার দুপুরে এই রায় প্রদান করেন।

আদালত সূত্রে জানা যায়, ইয়াবা রাখার অভিযোগে আসামি তাজুল ইসলাম ওরফে তাজুর বিরুদ্ধে ২০১৭ সালে মেহেরপুর থানায় একটি মাদক মামলা দায়ের করা হয়।

মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইন, ১৯৯০ এর ১৯ ধারায় তার বিরুদ্ধে চার্জ গঠন করা হয়। সাক্ষ্য গ্রহণ শেষে আজ মামলাটি যুক্তিতর্ক শুনানি এবং রায় প্রচারের জন্য দিন ধার্য করা হয়।

আসামি এবং রষ্ট্র পক্ষের যুক্তিতর্ক শুনানি অন্তে আসামির বিরুদ্ধে আনিত অভিযগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আসামি তাজুল ইসলাম ওরফে তাজুকে দোষী সাব্যস্তপূর্বক দুই বছরের সশ্রম কারাদন্ড প্রদান করা হয়। আসামিকে কোর্ট থেকে জেল হাজতে প্রেরণ করা হয়।

মুজিবনগরে জাতীয় বীমা দিবস পালিত

র্যালী, আলোচনা সভার মধ্য দিয়ে মুজিবনগরে জাতীয় বীমা দিবস পালিত হয়েছে। মঙ্গলবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে জাতীয় বীমা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে “বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে” শীর্ষক আলোচনা সভায় উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা কর্মচারি ও মুক্তিযোদ্ধাবৃন্দ উপস্থিত ছিলেন ।

পরে নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে জাতীয় বীমা দিবস উপলক্ষে একটি র্যালী, বের করা হয়। উপজেলা চত্তর থেকে শুরু করে র্যালীটি প্রধান সড়ক হয়ে উপজেলা চত্বরে এসে শেষ হয়।

মুজিবনগনে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মুজিবনগরে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে “মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান” শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

এই উপলক্ষে মঙ্গলবার সকাল সাড়ে ১১ সময় মুজিবনগর উপজেলার ৩নং বাগোয়ান ইউনিয়ন পরিষদ হলরুমে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বিকাশ বিশ্বাস এর সঞ্চালনায় এবং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আয়ুব হোসেন এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন ৬ নম্বর ওয়ার্ড ইউপি সদস্য ও ইউনিয়ন যুবলীগের সভাপতি বাবুল মল্লিক, ইউপি সদস্য রকিবুদ্দিন, ওমর ফারুক, সিবাস্তিন মন্ডল, ইউনিয়ন পরিষদের সচিব সালমা খাতুন সহ সংশ্লিষ্ট ইউপি সদস্য গ্রাম পুলিশ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

কোটচাঁদপুরে বণ্যার্ঢ আয়োজনে জাতীয় বীমা দিবস পালিত

“মুজিববর্ষের অঙ্গিকার বীমা হোক সবার” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় বীমা দিবস।

দিবসটি উপলক্ষে মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগমের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সের উপজেলা ব্রাঞ্চ কো-অডিনেটর মঈন উদ্দীন খাঁন, ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্সের উপজেলা ডেভলপমেন্ট অফিসার ইমদাদুল হক, পপুলার লাইফ ইন্স্যুরেন্সের আবুল কালাম আজাদ, জীবন বীমা কর্পোরেশনের ডেভলপমেন্ট অফিসার শ্যাম সুন্দর মন্ডল। বক্তারা বলেন, জীবনে চলার পথে বীমার কোন বিকল্প নেই।

১৯৬০ সালের ১লা মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কর্মজীবনে আলফা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানিতে যোগদান করেন।

সেই হিসাবে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীতে বর্তমান সরকার ১লা মার্চকে জাতীয় বীমা দিবস হিসাবে ঘোষনা করেন। এসময় অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন লাইফ ইন্স্যুরেন্সে কর্মরত অফিসার ও মাঠ পর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর আয়োজনে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

মঙ্গলবার বিকেলে ৫ টার সময় ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজীবের নিজস্ব কার্যালয় প্রাঙ্গণে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

০৭ নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজীবের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা খোরশেদ আলী, প্রবীণ নাগরিক সামসদ্দিন বিশ্বাস, মুক্তিযোদ্ধার সন্তান মাহবুবুল হক মন্টু, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, সহকারী প্রধান শিক্ষক এনামুল হক, স্থানীয় আওয়ামী লীগ নেতা সৈয়দ আনোয়ার হোসেন পিন্টু, মুক্তিযোদ্ধার সন্তান লাবলু সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সভায় বক্তারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে মার্চ মাসের গুরুত্ব সহ মুক্তিযুদ্ধের বিভিন্ন বিষয় ও ঘটনা তুলে ধরেন।

আলমডাঙ্গার কুমারি ৪ ও ৫ নম্বর ওয়ার্ড বিএনপির কমিটি গঠন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৩ নম্বর কুমারি ইউনিয়নের ৪ ও ৫ নম্বর ওয়ার্ড বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৪ টার দিকে ইউনিয়নের কামালপুর প্রাথমিক বিদ্যালয় মাঠে এ সম্মেলন

অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সাবেক ওয়ার্ড বিএনপির সভাপতি ইসরাইল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আব্দুল জব্বার।

প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আমিনুল হক রোকন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুবদলের আহবায়ক এমদাদুল হক বাবু, থানা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক মানোয়ার হোসেন, জেলা যুবদলের সহ-সভাপতি মাগরিবুর রহমান,আলমডাঙ্গা উপজেলা যুবদলের আহবায়ক খাইরুল ইসলাম, পৌর যুবদলের সদস্য সচিব সাইফুর রহমান কনক।

অনুষ্ঠানে ওয়ার্ড বিএনপি নেতা সুজনের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন কুমারি ইউনিয়নের সাবেক সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক, ইমদাদুল হক ডাবু প্রমূখ।

কুমারি ইউনিয়নের ৪ ও ৫ নম্বর ওয়ার্ড বিএনপির সম্মেলনে সর্বসম্মতিক্রমে ৪ নম্বর ওয়ার্ডে সামসুল হককে সভাপিত ও সাইদুল ইসলামকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়। এছাড়াও ৫ নম্বর ওয়ার্ডে মহির উদ্দিনকে সভাপতি ও হাবিবুর রহমানকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

গাংনীতে জাতীয় বীমা দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে নানা আয়োজনে জাতীয় বীমা দিবস পালিত হয়েছে।

মঙ্গলবার দিবসটি পালন উপলক্ষে বেলা সাড়ে ১১ টায় গাংনী উপজেলা পরিষদ সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা প্রশাসন এ সভার আয়োজন করে।

বিভিন্ন বীমা কোম্পানির অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

অনুষ্ঠিত সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের

মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, বিশিষ্ট আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু।

“বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে” এ প্রতিপাদ্যকে সামনে রেখে সভায় বক্তব্য রাখেন, পপুলার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির গাংনী সার্ভিস সেল এর অতিরিক্ত প্রকল্প পরিচালক ফেরদৌস রহমান, ডেপুটি জেনারেল ম্যানেজার মোখলেছুর রহমান, ট্রাস্ট লাইভ ইন্স্যুরেন্স কোম্পানির ডিজিএম গোলাম মোস্তফাসহ বিভিন্ন বীমা কোম্পানির প্রতিনিধিবৃন্দ।

এর আগে বেলা ১১ টায় দিবসটি পালন উপলক্ষে বিভিন্ন বীমা কোম্পানি তাদের নিজস্ব ব্যানার, ক্যাপ ও গেঞ্জিতে নিজস্ব প্রতিষ্ঠানের নাম উল্লেখ পূর্বক একটি র্যালী উপজেলা পরিষদ চত্বর সড়ক ঘুরে পূর্বের স্থানে এসে শেষ হয়।

নিত্যপণ্যের মুল্যবৃদ্ধির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

তেল গ্যাস সহ নিত্যপণ্যের মুল্যবৃদ্ধির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

মঙ্গলবার সকালে ঝিনাইদহ শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে সম্মিলিত সামাজিক আন্দোলন ঝিনাইদহ জেলা শাখা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। এসময় সম্মিলিত সামাজিক আন্দোলন ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মনিকা আলম, সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, সাংগঠনিক সম্পাদক শাহনাজ পারভীন সেতুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, নিত্যপণ্যের মুল্যবৃদ্ধির লাগাম টেনে ধরতে সরকারের হস্তক্ষেপ কামনা করেন। একই সাথে মানবিক মুল্যবোধ প্রতিষ্ঠার মাধ্যমে সাম্প্রদায়িকতা, জঙ্গীবাদ, দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়তে

মেহেরপুরে জাতীয় বিমা দিবস উপলক্ষে আলোচনা সভা ও র্যালি

মেহেরপুরে জাতীয় বীমা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও র্যালি অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের মিলায়াতে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, পপুলার লাইফ ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড মেহেরপুর সার্ভিস সেলের ডেপুটি ম্যানেজার মোঃ রাফিউল ইসলাম, জীবন বিমার শাহাবুবুউল আলম শান্তি, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের আছিয়া খাতুন, এক্সপ্রেস ইন্সুরেন্স কোম্পানির লিমিটেডর মোঃ মনিরুল ইসলাম, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের মনজুর উল আলম, রাকিবুল ইসলাম, ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির ইয়াসিন আলী, মোঃ আখতারুজ্জামান প্রমুখ।

পরে জাতীয় বীমা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করে ১ম স্থান অধিকারী ইশিতা, ২য় স্থান অধিকারী নুসরাত জাহান আর্থী ও মোছাঃ তামান্না খাতুন জুঁই কে পুরস্কৃত করা হয়।

এর আগে মেহেরপুর শিল্পকলা একাডেমী থেকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত একটি র্যালি বের করা হয়।